দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত সভাপতিকে ফুলেল শুভেচ্ছা

এস এসসি ৯২ ব্যাচের পক্ষ থেকে ৯২ ব্যাচের বন্ধু দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত সভাপতি শামসুজ্জোহা পলাশকে ফুলেল শুভেচ্ছা দিয়েছেন।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৫ টার দিকে দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের হলরুমে এ শুভেচছা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন এস এসসি ৯২ ব্যাচ দামুড়হুদা উপজেলার সভাপতি নাসির উদ্দিন, সিনিয়র সহ-সভাপতি শামসুজ্জোহা পলাশ, সিনিয়র সহ-সভাপতি আব্দুল হালিম ভুট্টু, সহ-সভাপতি ইনামুল করিম শাহ ইনু, সাইফুল ইসলাম মজিবার হালসোনা জাহাঙ্গীর হোসেন লিটন তাহাজ উদ্দিন তাজু,আব্দুল মমিন, একরামুল হক মেম্বার।

সাধারণ সম্পাদক আল হেলাল রাজা, সিনিয়র যুগ্ম সম্পাদক মাহফুজুর রহমান বেল্টু, যুগ্ন সাধারণ সম্পাদক, আলাউল হক, আসাদুর রহমান বাদশা, আব্দুর রশিদ, আব্দুল গাফফার শক্তি, আসলাম উদ্দীন, ইকবল হোসেন, একরামুল হক লিটন, সাংগঠনিক সম্পাদক আব্দুল খালেক, অর্থ ও দপ্তর বিষয়ক সম্পাদক একরামুল হক।

দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত সভাপতি শামসুজ্জোহা পলাশ এস এসসি ৯২ ব্যাচের সকল বন্ধুকে ধন্যবাদ জানান এবং বন্ধুত্বের বন্ধন আরো অটুট করার আহ্বান জানান।

চুয়াডাঙ্গা(ডিএফএ)এর দায়িত্ব

ভার গ্রহণ করলেন নবনির্বাচিত সভাপতি সুজন

“তারুণ্যে আসুক, ফুটবল বাঁচুক” এই স্লোগান নিয়ে গত ১৫ই ফেব্রুয়ারি ২০২৩ চুয়াডাঙ্গা জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের নির্বাচনে, নবনির্বাচিত সভাপতি এখলাস উদ্দিন সুজন কমিটির নিকট সোমবার দুপুর সাড়ে ১২ টায় চুয়াডাঙ্গা ডিএফএ অফিসে সদ্য বিদায়ী সভাপতি রফিকুল ইসলাম লাড্ডু দায়িত্বভার বুঝিয়ে দেন।

এসময় নবনির্বাচিত ডিএফএ সভাপতি এখলাছ উদ্দীন সুজন এর সাথে নির্বাচিত কমিটির সহসভাপতিদ্বয় যথাক্রমে রেজাউল হক জোয়ার্দার ও ইমরান হোসেন, কোষাধ্যক্ষ নাসির আহাদ জোয়ার্দার সহ নির্বাচিত নির্বাহী সদস্য শফিকুল ইসলাম মালেক, শেখ রাসেলসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রতিষ্ঠানের নিজেস্ব সম্পত্তি হিসাবে দুটি অফিস টেবিল, ১৫ টি অফিস চেয়ার, ৫০ টি মেলামাইন প্লেট, একটি আলমারি, একটি কম্পিউটার, এক জোড়া গোল পোস্টের নেট, দুটি ট্রফি ও ব্যাংকে গচ্ছিত ৪৯১৫/- টাকাসহ আনুষঙ্গিক ফাইলপত্র নতুন কমিটির নিকট হস্তান্তর করা হয়।

অনুষ্ঠানে নবনির্বাচিত সভাপতি জেলার সর্বস্তরের ক্রীড়াপ্রেমী, ক্রীড়া সংগঠক, বর্তমান ও সাবেক খেলোয়াড়দের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। বিশেষ করে ফুটবল প্রেমী ও সাবেক কৃতি খেলোয়াড়, জেলা আওয়ামীলীগের প্রাণপুরুষ চুয়াডাঙ্গা ১ আসনের মাননীয় সংসদ সদস্য সাবেক হুইফ সোলায়মান হক জোয়ার্দার সেলুন, সাবেক পৌর মেয়র ও জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক কৃতি খেলোয়াড়, ক্রীড়া সংগঠিক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, বর্তমান চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার বিচক্ষন সাধারণ সম্পাদক ও জেলা যুবলীগের আহবায়ক জনাব নঈম হাসান জোয়ার্দ্দার, ক্রীড়া প্রেমী জেলা প্রশাসক মহদয় ও জেলা পুলিশ সুপার এবং ফুটবলের কৃতিপুরুষ সরোয়ার হোসেন মধু ওস্তাদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

সেই সাথে চুয়াডাঙ্গার ফুটবলের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনতে সকলের সহযোগিতা ও সমর্থন কামনা করেন। নবনির্বাচিত সভাপতি বলেন গঠনতন্ত্র মোতাবেক দ্রুতই কমিটির পরিচিতি সভা ও লীগ পরিচালনা সম্পর্কিত উপকমিটি গঠন করা হবে। নবনির্বাচিত কমিটি ক্রীড়ার

উন্নয়নে সংবাদ মাধ্যম ও সাংবাদিকদের ভূমিকার কথা স্মরণ করেন এবং ধন্যবাদ দেন।

পরিশেষে নবনির্বাচিত কমিটি সকলকে মিষ্টিমুখ করিয়ে অনুষ্ঠান শেষ করেন।

দামুড়হুদায় জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের নবনির্বাচিত সভাপতি কে ফুলের শুভেচ্ছা

দামুড়হুদায় চুয়াডাঙ্গা জেলা ফুটবল অ্যাসোসিয়েশন(ডিএফএ) নবনির্বাচিত সভাপতি এখলাছ উদ্দিন সুজন কে ফুলের শুভেচ্ছায় সিক্ত করলেন দামুড়হুদা ব্যাডমিন্টন ক্লাবের সদস্যরা। রাত ১০টার দিকে দামুড়হুদা শিল্পকলা একাডেমির সামনে নবনির্বাচিত সভাপতি কে ফুলের শুভেচ্ছা প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা ব্যাডমিন্টন ক্লাবের সভাপতি হয়দার আলী, সহসভাপতি এ্যাড: নয়ন, সাধারণ সম্পাদক জনি, যুগ্ম সাধারণ সম্পাদক সুমন, কোষাধক্ষ আব্দুল মোমিন, দপ্তর সম্পাদক রাসিব সহ ক্লাবের সদস্য বৃন্দ।

এসময় নবনির্বাচিত সভাপতি এখলাছ উদ্দিন সুজন বলেন চুয়াডাঙ্গা ফুটবলের হারানো ঐতিহ্য ফেরাতে নির্বাচিত কমিটি প্রতিশ্রুতি বদ্ধ।